[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রবিবার (২৬ জুলাই) সকাল ১০টায় কেরু অ্যান্ড কোম্পানির ব্যাচেলর ভবনের সামনের মাঠে এ কর্মসূচির উদ্বোধন করেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় বেশি বেশি গাছ লাগানোর বিকল্প নেই। গাছ আমাদের অক্সিজেন, ফল, কাঠ, ওষুধ ও খাদ্যসহ নানাভাবে উপকার করে। তাই প্রত্যেকের উচিত বাড়ির আঙিনা, ছাদ ও পতিত জমিতে অন্তত একটি করে গাছ রোপণ করা।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিএম (কারখানা) সুমন কুমার সাহা, জিএম (অর্থ) মোহাম্মদ আব্দুছ ছাত্তার, জিএম (কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়া, জিএম (ডিস্টিলারি) রাজিবুল হাসান, জিএম (প্রশাসন) আল ফারুক ওমর শরীফ গালিব, ডিএজিএম (সম্প্রসারণ) মাহবুবুর রহমান, ব্যবস্থাপক (ফার্ম) সুমন কুমার সাহা, ডিএজিএম (এসআই ও এগ্রো) দেলোয়ার হোসেন, ডিহি ফার্ম ইনচার্জ ইমদাদুল হক, বিভিন্ন সাব-জোনের প্রধানসহ প্রতিষ্ঠানের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

অনুষ্ঠানে বক্তারা পরিবেশের ভারসাম্য রক্ষা এবং সবুজ বাংলাদেশ গড়ে তুলতে সবাইকে বেশি বেশি বৃক্ষরোপণের আহ্বান জানান।

গাংনীতে গ্রীন ভিউ কসবা’র উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

“একটি গাছ, একটি প্রাণ, একটি ভবিষ্যৎ” স্লোগানকে সামনে রেখে স্বেচ্ছাসেবী সংগঠন গ্রীন ভিউ কসবার উদ্যোগে এবং কসবা রক্তদান ফাউন্ডেশনের বাস্তবায়নে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয় মিলনায়তনে এ উপলক্ষে আলোচনা সভা ও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গায় যুব ফোরামের উদ্যোগে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি শুরু

আলমডাঙ্গায় যুব ফোরামের উদ্যোগে খুলনা বিভাগের ১০ জেলায় মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা ও পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে যুব ফোরামের খুলনা বিভাগীয় উদ্যোগে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির যাত্রা শুরু হয়েছে। খুলনা বিভাগের ১০ জেলায় এ কর্মসূচি বাস্তবায়িত হবে। গতকাল সকাল দশটার দিকে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, যুব ফোরাম খুলনা বিভাগীয় কমিটির সভাপতি মোঃ আসাদুজ্জামান লিমন।

উদ্বোধনী বক্তব্যে যুব ফোরাম এর সভাপতি মোঃ আসাদুজ্জামান লিমন বলেন, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় আমরা জলবায়ু যোদ্ধা হিসেবে কাজ করে যাচ্ছি। এরই ধারাবাহিকতায় খুলনা বিভাগের দশটি জেলায় মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। আজকের উদ্বোধনী কর্মসূচির অংশ হিসেবে আমরা এখানে ফলজ, বনজ ও ঔষধি গাছ রোপণ করেছি। আমাদের লক্ষ্য শুধু গাছ রোপণ নয়, আগামী প্রজন্মের জন্য একটি সবুজ ও টেকসই পরিবেশ গড়ে তোলা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ সিদ্দিকুর রহমান। বিশেষ অতিথি ছিলেন, যুব ফোরাম খুলনা বিভাগীয় কমিটির উপদেষ্টা মোঃ আজিজুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন, যুব ফোরাম চুয়াডাঙ্গা জেলার সভাপতি শাহরিয়ার হোসেন জয়, সাধারণ সম্পাদক মোঃ ঈশান বাবু, যুগ্ম সম্পাদক তানিয়া আফরোজ, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী এবং যুব ফোরামের সদস্যরা।

প্রধান শিক্ষক মোঃ সিদ্দিকুর রহমান এ সময় যুব ফোরামের এ মহৎ উদ্যোগের প্রশংসা করে বলেন, “মাসব্যাপী এ বৃক্ষরোপণ কর্মসূচি

পরিবেশ সংরক্ষণে উল্লেখযোগ্য অবদান রাখবে। যুব ফোরামের পক্ষ থেকে এমন কার্যক্রম আমাদের সমাজের জন্য অত্যন্ত অনুপ্রেরণাদায়ক। যুব ফোরাম এর সভাপতি মোঃ আসাদুজ্জামান লিমনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

যুব ফোরামের পক্ষ থেকে জানানো হয়েছে, মাসব্যাপী এ কর্মসূচির আওতায় প্রতিটি জেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, গ্রামীণ এলাকা এবং জনসাধারণের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছ রোপণ করা হবে। এ উদ্যোগের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সবুজ, সুন্দর ও সুস্থ পরিবেশ গড়ে তোলাই যুব ফোরামের মূল লক্ষ্য।

মুজিবনগরে ছাত্রলীগের বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

মুজিবনগর এ বাংলাদেশ ছাত্রলীগ মুজিবনগর উপজেলা শাখার উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার সকালে মুজিবনগর উপজেলা পরিষদের সামনে কেন্দ্রীয় ছাত্রলীগের নির্দেশনা অনুযায়ী পাঁচ দিনে দশ লক্ষ বৃক্ষরোপণ কর্মসূচি আওতায় মুজিবনগরে উপজেলা ছাত্রলীগ উপজেলায় ১ হাজার বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেছে।

মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি ইমাম হোসেন ইমন এই বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক গাজী স্বপন, সহ-সভাপতি ইশতিয়াক হোসেন লিমন, ওমর শরীফ উৎসর্গ যুগ্ম সাধারণ সম্পাদক ইশতিয়াক আহমেদ, সাংগঠনিক সম্পাদক সায়েম খন্দকার সহ উপজেলা ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ।

এ সময় মুজিবনগর উপজেলা পরিষদ চত্বরে কয়েকটি ফলজ ও বনজ গাছের চারা রোপণ করার মাধ্যম দিয়ে বৃক্ষ করছে কর্মসূচির উদ্বোধন ঘোষণা করেন উপজেলা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]